

সনি হত্যা মামলা

কোন প্রত্যক্ষদর্শী

সাক্ষী নেই!

সাক্ষীর আহমদ ও বুয়েট ক্যাম্পাসে সংঘটিত ছাত্রী সাবেকুন নাহার সনি হত্যাকাণ্ডের কোন প্রত্যক্ষদর্শী সাক্ষী পাওয়া যায়নি। গোয়েন্দা পুলিশ সনি হত্যা মামলার তদন্ত নিয়ে বেকায়দায় পড়েছে। সাক্ষী না পাওয়ায় আদালতে চার্জশীট দাখিল করতে পারছে না পুলিশ। সনি নিহত হওয়ার তিন মাস পরও পুলিশ সাক্ষী পাওয়ার আশায় (২য় পৃষ্ঠায় ১-এর ক: প্রঃ)

সনি হত্যা মামলা

(প্রথম পৃষ্ঠার পর)

গ্রহণ করেন।

গত ৮ মাস দুপুরে ছাত্রদের টেতারবাজ টগর ও মুক্তি গ্রন্থপত্র বন্ধু মুহু বুয়েট ক্যাম্পাসে সনি নিহত হয়। গোয়েন্দা পুলিশ টগরসহ ১৫ জনকে গ্রেফতার করেছে। এদের মধ্যে টগর ও তার দু'জন সঙ্গী আদালতে স্বীকারোক্তিমূলক জবানবন্দি দিয়েছে। এদিকে পুলিশ মুক্তি গ্রন্থপত্র মুক্তিকে গ্রেফতার করতে পারেনি।

একটি সূত্র জানায়, বুয়েটের নিম্নতর তদন্ত কমিটি ঘটনার একাধিক প্রত্যক্ষদর্শী পেয়েছে। গোয়েন্দা পুলিশ কোন প্রত্যক্ষদর্শী না পাওয়ায় বুয়েটের শরণাপন্ন হয়েছিল। বুয়েট কর্তৃপক্ষ তাদের তদন্ত কমিটির রিপোর্ট পুলিশকে না দেয়ার সিদ্ধান্ত জানালে পুলিশ অনিচ্ছতার মধ্যে পড়ে যায়।

প্রকাশ্যে বন্ধু মুহু এবং সনি হত্যাকাণ্ড ঘটেছে। পুলিশ জানায়, প্রত্যক্ষদর্শী সাক্ষী ছাড়া সনি হত্যা মামলার চার্জশীট আদালতে প্রদান করলে কোন লাভ হবে না। সূত্র জানায়, তদন্তের বর্তমান অবস্থায় গোয়েন্দা পুলিশ প্রত্যক্ষদর্শী সাক্ষীর জন্য অপেক্ষা করছে। প্রত্যক্ষদর্শী সাক্ষী পাওয়া না গেলে সনি হত্যাকাণ্ডের বিচার হবে কি-না এই ব্যাপারে সন্দেহ দেখা দিয়েছে।